গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা
(গবেষণা ও বৃত্তি শাখা)

স্মারক নং- ৫৬.০০.০০০০.০২৮.৩৩.০২৫.১৪-৬৯৪ তারিখঃ ২৫.০৫.২০১৬ খ্রি.

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ ২০১৩-১৪ অর্থবছরে ফেলোশীপ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ২০১৫-১৬ অর্থবছরে ফেলোশীপ নবায়নের মঞ্জুরী।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি পর্যায়ে অধ্যয়নের জন্য ২০১৩-১৪ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে ফেলোশীপ প্রাপ্ত নিয়োক্ত ব্যক্তিবর্গের অনুকূলে পার্শ্বে বর্ণিত পরিমাণ অর্থ নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৫-১৬ অর্থবছরে ফেলোশিপ এর নবায়ন মঞ্জুরীর সরকারি আদেশ নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করছি।

| নং | ফেলোশিপের জন্য মনোনীত ব্যক্তিবর্গের নাম | সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, বিভাগ এবং বর্ষ | ফেলোশিপ নবায়নের সময়কাল | ২০১৫-১৬ অর্থবছরে প্রদেয় বৃত্তির বিবরণ | ৩০শে জুন ২০১৬ পর্যন্ত প্রদেয় মোট অর্থ |
|---|---|---|---|---|---|
| ১. | এ.এইচ.এম. কামাল | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল পিএইচডি (৩য় বর্ষ) | জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ১২ মাস | মাসিক ৩০,০০০x১২ মাস | ৩,৬০,০০০ |
| ২. | তামান্না হক নিপা | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল পিএইচডি (২য় বর্ষ) | জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ১২ মাস | মাসিক ৩০,০০০x১২ মাস | ৩,৬০,০০০ |
| ৩. | গোলাম মোঃ মুরাদুল বশির | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল পিএইচডি (২য় বর্ষ) | জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ১২ মাস | মাসিক ৩০,০০০x১২ মাস | ৩,৬০,০০০ |
| ৪. | শহীদুল ইসলাম খান | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল পিএইচডি (২য় বর্ষ) | জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ১২ মাস | মাসিক ৩০,০০০x১২ মাস | ৩,৬০,০০০ |
| ৫. | সাদ্দাম হোসেন মুক্তা | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল পিএইচডি (২য় বর্ষ) | জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ০৬ মাস | মাসিক ৩০,০০০x০৬ মাস | ১,৮০,০০০ |
| | | | | মোট = | ১৬,২০,০০০ |
| | | | | | **(ষোল লক্ষ বিশ হাজার)** |

২। **শর্তসমূহ (ফেলোদের জন্য):**

(ক) ফেলোগণকে ৬ (ছয়) মাস অন্তর অন্তর তাদের সুপারভাইজার ও বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষর নিয়ে গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

(খ) গবেষণা কর্ম সমাপ্তির ০৩ মাসের মধ্যে তত্ত্বাবধায়কের মাধ্যমে চূড়ান্ত প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে। প্রতিবেদনের সাথে সফটকপিসহ থিসিস/গবেষণাপত্র এর একটি কপি জমা দিতে হবে, অন্যথায় ফেলোশীপের প্রদত্ত অর্থ সরকারের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে।

(গ) গবেষণা কর্মের লব্ধজ্ঞান এর উপর উপস্থাপনা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক অনুষ্ঠেয় সেমিনার/কর্মশালা/ মূল্যায়ন সভায় মনোনীত ফেলোগণকে অংশগ্রহণ পূর্বক উপস্থাপনসহ আলোচনায় অংশগ্রহণ করতে হবে।

(ঘ) গবেষণা সুপারভাইজার অন্যত্র চলে গেলে নুতন সুপারভাইজার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে নতুন সুপারভাইজার এর নাম, পদবি, ঠিকানা ইত্যাদি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে অনতিবিলম্বে অবহিত করতে হবে।

Scan (both side) and circulate among all teachers with a link.

Mr. Aziz

(ঙ) গবেষণার বিষয়বস্তু পরিবর্তনের প্রয়োজন হলে তা করার জন্য সুপারভাইজার ও বিভাগীয় প্রধানের সুপারিশসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে।

(চ) ফেলোগণ বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের সার্বক্ষণিক (On-campus) ফেলো/গবেষক হিসেবে গণ্য হবেন বিধায় তারা অন্য কোন প্রতিষ্ঠানের সাথে যুক্ত হয়ে কোন কাজ করতে পারবেন না।

৩। <u>বিশ্ববিদ্যালয়ের করণীয়:</u>

(ক) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ **"তথ্য প্রযুক্তি ফেলোশীপ তহবিল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়"** নামীয় তফসিলী ব্যাংক হিসাবে ফেলোশিপের অর্থ জমা করবেন।

(খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফেলোশিপের অর্থ প্রাপ্তির পর মাসিক ভিত্তিতে ফেলো/গবেষকের সুপারভাইজার এবং বিভাগীয় প্রধানের সন্তোষজনক প্রত্যয়ন ও পূর্ণকালীন ছাত্রের প্রত্যয়ন পাওয়ার পর ফেলো/গবেষককে প্রতিমাসে "প্রাপকের হিসাবে প্রদেয়" ক্রস চেকের মাধ্যমে মঞ্জুরীকৃত অর্থ প্রদান করবেন। অতিবাহিত মাসসমূহের এবং এককালীন আনুষাঙ্গিক টাকা একত্রে প্রদান করা যাবে, তবে এ জন্য অতিবাহিত সময়কালের পারফরমেন্স ও গবেষণার/থিসিস এর কার্যক্রম সন্তোষজনক মর্মে কোর্স সুপারভাইজার ও বিভাগীয় প্রধানের প্রত্যয়ন থাকতে হবে।

(গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে উক্ত অর্থ সংশ্লিষ্ট হিসাব পরবর্তীকালে অডিটে উপস্থাপনের জন্য সংরক্ষণ করতে হবে।

(ঘ) <u>**অর্থ বছর শেষ হওয়ার পর বিতরণকৃত টাকার বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন** এবং অব্যয়িত টাকা (যদি থাকে) "১-২৮০১-০০০১-২৬৭১" নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে জমার প্রমাণকসহ প্রতিবেদন **আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।**</u>

৪। মঞ্জুরীকৃত ফেলোশীপের অর্থ মোট **১৬,২০,০০০ (ষোল লক্ষ বিশ হাজার)** টাকা মনোনীত ফেলোগণকে প্রদানের নিমিত্ত **"তথ্য প্রযুক্তি ফেলোশীপ তহবিল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়"** নামে ক্রস চেক ইস্যু করতে নির্দেশক্রমে অনুরোধ করছি।

৫। চলতি অর্থ বছরের কোড নং "৩-২৮০১-০০০১-৫৯৬৩" এর "বৃত্তি/স্কলারশীপ" খাতের বরাদ্দকৃত বাজেট হতে এ অর্থ ব্যয় হবে।

৬। এ বিষয়ে অর্থ বিভাগের ১১.০৫.২০১৬ খ্রি. তারিখের ০৭.১২৫.০২০.২৮.০১.০০৫.২০১৫-৫৯ নং পত্রে সম্মতি পাওয়া গেছে **(কপি সংযুক্ত)।**

(রাসেল মাহমুদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৮১৮১১৯৬
ই-মেইলঃ ictdivision2014@gmail.com

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। রেজিষ্টার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, পলাশী, ঢাকা।

২। বিভাগীয় প্রধান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, পলাশী, ঢাকা (সংশ্লিষ্ট সুপারভাইজার ও বিভাগের অবগতির জন্য)।

৩। উপ-সচিব (বাজেট অধিশাখা-২৫), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

৫। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

৬। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭। জনাব ............................................................................................................................।